মুজিবনগরে অস্ত্র ও গুলিসহ ৫ জন আটক

একটি বিদেশী পিস্তল, ১ রাউন্ড গুলি ও পিস্তলের ম্যাগজিনসহ ৫ সন্ত্রাসী ও জুয়াড়ি আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

গতকাল শনিবার বিকেল সাড়ে চারটার সময় মেহেরপুরের মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের শামীম হোসেন ওরফে বিজয় শেখের বাড়ির সিঁড়ি ঘরের পায়খানার ট্রাংকীর ভিতর থেকে মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে পিস্তুল, গুলি ও ম্যাগজিন উদ্ধার করেন।

আটকরা হলেন, শিবপুর গ্রামের মৃত শাহাজুল শেখের ছেলে ওই বাড়ির মালিক শামীম হোসেন ওরফে বিজয় শেখ (২২), তার অপর ৪ সঙ্গী একই উপজেলার কোমরপুর গ্রামের বিল্লাল শেখের ছেলে প্রিন্স শেখ (৩৪), সিরাজুল ইসলামের ছেলে শাহিন রেজা (২৪) যশোর কোতোয়ালী উপজেলার ঝুমঝুমপুর গ্রামের আব্দুল খালেকের ছেলে রাজন হাসান (২৯) ও শফিকুল ইসলামের ছেলে আলামিন (৩১)।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উজ্জ্বল দত্ত এই তথ্য নিশ্চিত করেছেন।

পুলিশ জানায়, শিবপুর গ্রামের শামীম রেজা ওরফে শেখ বিজয়ের বাড়িতে কিছু অস্ত্রধারী সন্ত্রাসী অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে শিবপুর গ্রামে অনলাইন জুয়ার মাস্টার মাইন্ড শেখ বিজয়ের বাড়িতে মুজিবনগর থানার ওসি উজ্বল দত্তের নেতুত্বে পুলিশ অভিযান চালিয়ে ৫ যুবক কে আটক করে। এসময় বাড়ির নির্মাণাধীন ট্যাংকির ভিতর থেকে একটি বিদেশী নাইন এমএম পিস্তল, ১টি ম্যাগজিন ও এক রাউন্ড গুলি, ৫টি মোবাইল উদ্ধার এবং একটি প্রাইভেটকার আটক করে।পরে তাদের আটক করে মুজিনগর থানায় নিয়ে আসে পুলিশ।

মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার আহসান খান সাংবাদিকদের বলেন, শেখ বিজয় অনলাইন জুয়ার মাস্টার মাইন্ড হিসেবে এর আগে কয়েকবার পুলিশের হাতে আটক হয়। পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে শেখ বিজয়ের বাড়িতে কিছু অস্ত্রধারী সন্ত্রাসী অবস্থান করছে। এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে যশোর জেলার দুই যুবক সহ ৫ জনকে আটক করে। এসময় তাদের স্বীকারক্তি অনুযায়ী ১টি পিস্তল, ১টি

ম্যাগজিন, ১ রাউন্ড গুলি, একটি প্রাইভেটকার ও ৫টি মোবাইল উদ্ধার করা হয়েছে। এ সময় একজন পালিয়ে যায় তাকে ধরতে পুলিশ সহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর একাধিক টিম মাঠে কাজ শুরু করেছে। প্রাথমিকভাবে আমরা ধারণা করছি এলাকায় সন্ত্রাসী কর্মকান্ড পরিচালনা করার লক্ষ্যে তাদের অবস্থান হতে পারে।

আটককৃতদের বিরুদ্ধে অস্ত্র ও সাইবার ক্রাইম আইনে মুজিবনগর থানায় দুটি মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে ১৭ বিঘা জমির কলা গাছ কেটে তসরুপ, ক্ষতি প্রায় ২০ লাখ টাকা

মেহেরপুরের রাতের আঁধারে এক কৃষকের ১৭ বিঘা কলা গাছ কেটে তসরুপ করেছে দুর্বৃত্তরা। এতে কৃষকের ক্ষতি হয়েছে প্রায় ২০ লাখ টাকা। ভুক্তভোগীদের লিখিত অভিযোগ দেওয়ার পরও কোন ব্যবস্থা নেয়নি পুলিশ। আর পুলিশ বলছে লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে।

গেল এক মাস আগে রাতের আঁধারে পাঁচ বিঘা কলা গাছ কেটে দিয়েছিল দুর্বৃত্তরা। সেই রেস কাটেতে না কাটতেই আবারো বারো বিঘা জমির কলা গাছ কেটে তসরুপ করেছে দুর্বৃত্তরা। গতকাল শনিবার দিবাগত মধ্যরাতে মেহেরপুরের গাংনী উপজেলার বালিয়াঘাট গ্রামের মধ্যপাড়ার মাঠে এই ঘটনা ঘটে। কলা খেতে মালিক রহিদুল ইসলামের দাবি এতে তার ক্ষতি হয়েছে প্রায় ২০ লাখ টাকা।

কলা চাষি রহিদুল ইসলাম জানান,অন্যের জমির প্রতি বিঘা ২০ হাজার টাকা দিয়ে লিজ নিয়ে ১৭ বিঘা জমিতে তিনি কলা চাষ শুরু করেন। লিজ খরচ বাদ দিয়ে প্রতি বিঘাতে ৬০ হাজার টাকা খরচ হয়। আসন্ন রমজান উপলক্ষে এই কলা খেত থেকে আমি প্রায় ২০ লাখ টাকার কলা বিক্রি করার লক্ষ্যমাত্রা নিয়েছিলাম। আমার নিজ কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার পার গোয়াল গ্রামে কলা চাষ হয় না তাই। আমি পার্শ্ববর্তী জেলায় কলা চাষ করতে এসেছিলাম। আমার কারো সাথে শত্রুতা না থাকার পরেও

আমার এত বড় ক্ষতি করেছে যা আমার পক্ষে পুষিয়ে নেয়া অসম্ভব।

রহিদুল ইসলামের নিকট আত্মীয়রা জানান, গত এক মাস আগে যখন আমার ভাইয়ের ৬ বিঘা জমির কলা গাছ কেটে দিয়ে দুর্বৃত্তরা তখন এ বিষয়ে লিখিত অভিযোগ করার পরও এখন পর্যন্ত কাউকে আটক করতে পারেনি পুলিশ, তারা প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে।

এলাকাবাসি জানান, যারা রাতের আঁধারে কৃষকের ফসল নষ্ট করেছে তাদের আইনের আওতায় নিয়ে শাস্তির ব্যবস্থা করতে হবে।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম জানান,লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে শারীরিক প্রতিবন্ধী শিশুকে হুইলচেয়ার উপহার

মেহেররপুরের গাংনীর ঢেপা গ্রামে শারীরিক প্রতিবন্ধী শিশুর মাঝে হুইলচেয়ার বিতরণ করা হয়েছে।

আজ শনিবার সন্ধ্যায় স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান গোলাম আম্বিয়া গনপাঠাগার এর পক্ষ থেকে ঢেপা গ্রামের জিয়াউল হকের শারীরিক প্রতিবন্ধী শিশুকে একটি হুইল চেয়ার উপহার দেওয়া হয়েছে। সংগঠনটির প্রতিষ্ঠাতা সদস্য হামিদুল ইসলাম হিল্লোল প্রতিবন্ধী শিশুর বাড়িতে উপস্থিত হয়ে হুইল চেয়ারটি প্রদান করেন।

হুইল চেয়ার পাওয়া শারীরিক প্রতিবন্ধী শিশুর পিতা জিয়াউল হক জানান, কয়েক বছর ধরে আমার প্রতিবন্ধী শিশুটিকে নিয়ে খুব সমস্যার মধ্যে আছি। অনেক জায়গায় বলেও একটা হুইল চেয়ারের ব্যবস্থা হয়নি। আমাদের পাশের গ্রাম চিতলার গোলাম আম্বিয়া গণ পাঠাগার এর পক্ষ থেকে আজ উন্নত মানের একটা হুইল চেয়ার দেওয়া হয়েছে আমার ছেলেকে। আমরা পরিবারের পক্ষ থেকে অনেক দোয়া করি যারা আমাদের মতো গরিব মানুষকে সহযোগিতা করেছে।

গোলাম আম্বিয়া গণ পাঠাগারের প্রতিষ্ঠাতা সদস্য হামিদুল ইসলাম

হিল্লোল জানান, চিতলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও সাবেক প্রধান শিক্ষক প্রয়াত শিক্ষাবিদ গোলাম আম্বিয়ার নামে সেবামূলক প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হয়। এলাকায় অসহায় মানুষের মাঝে বিভিন্নভাবে সাহায্য ও সহযোগিতা করা হয়। আজকে শারিরীক প্রতিবন্ধী শিশুর মাঝে একটি হুইলচেয়ার উপহার দেওয়া হয়েছে । এবারের শীতে অনেক গরিব অসহায় মানুষের মাঝে কম্বল বিতারণ করা হয়েছে। ভবিষ্যতে সেবামূলক কর্মকান্ডের ধারাবাহিকতা অব্যাহত থাকবে সংগঠনটির পক্ষ থেকে।

হুইল চেয়ার বিতরণের সময় সংগঠনটির স্বেচ্ছাসেবী সদস্য আব্দুস সামাদ,জামান রহমান, সাধন কুমার মন্ডল,হামিদুল, কাইস মাহমুদ ও উপহার পাওয়া শিশুর পরিবারের লোকজন উপস্থিত ছিলেন।

স্ত্রীর ওষুধ কিনে বাড়ি ফেরা হলোনা কৃষক রমজান আলীর

মেহেরপুর সদর উপজেলার সীমান্তবর্তী ইছাখালি মোড়ে সড়ক দুর্ঘটনায় রমজান আলী(৫২) নামের এক কৃষক মারা গেছেন। অসুস্থ স্ত্রীর জন্য ওষুধ কিনে বাড়ি ফেরার সময় দ্রুতগামী মোটরসাইকেলের ধাক্কায় ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

আজ শনিবার (২৪ ফেব্রুয়ারি) রাত ৮টার সময় এ দুর্ঘটনা ঘটে। নিহত রমজান আলী সদর উপজেলার ইছাখালি গ্রামের মৃত ফরমান আলীর ছেলে। এঘটনায় মোটরসাইকেল চালক পার্শ্ববর্তি হরিরামপুর গ্রামের আসানুর আলীর ছেলে আসিফ হোসেন (২২) আহত হয়েছেন। তার অবস্থাও আশংকাজনক।

প্রত্যক্ষদর্শি মাসুদ রানা জানান, নিহত রমজান আলী স্থানীয় একটি ফার্মেসী থেকে ওষুধ কিনে বাড়ি যাওয়ার জন্য রাস্তা পার হচ্ছিলেন। এসময় হরিরামপুর থেকে আসা মেহেরপুর গামী দ্রুতগামী পালসার মোটরসাইকেলটি তাকে স্বজোরে ধাক্কা দিয়ে প্রায় ১০/১২ হাত দুরে টেনে হিঁচড়ে নিয়ে যায়। এতে রমজান আলী গুরুতর আহত হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন।

খবর পেয়ে মেহেরপুর ফাঁয়ার সার্ভিসের একটি টিম ঘটনাস্থলে গিয়ে আহত আসিফকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেন। সেখানে তার অবস্থার অবনতি হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর স্টেশন মাস্টার রুহুল আমিন জানান, খবর পেয়ে মোটরসাইকেল চালক আসিফকে উদ্ধার করা হয়েছে। তবে দুর্ঘটনা কবলিত মোটরসাইকেলটি পাওয়া যায়নি। দুর্ঘটনার পরপরই সেটি সরিয়ে ফেলা হয়েছে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া জানান, নিহতের মরদেহ উদ্ধার করা হয়েছে। মরদেহ উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে নেয়া হয়েছে। এখন পর্যন্ত কেউ লিখিত অভিযোগ দেইনি। লিখিত অভিযোগ পাওয়ার পর আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মুজিবনগরে ছাগলে ঘাস খাওয়াকে কেন্দ্র করে মহিলাকে মারধর

মুজিবনগরের বল্লভপুরে গতকাল শুক্রবার রাস্তার পাশের ঘাস ছাগলে খাওয়াকে কেন্দ্র করে বল্লভপুর খ্রিস্টান সম্প্রদায়ের মহিলাকে মারধরের অভিযোগ উঠেছে বাগোয়ান গ্রামের মোল্লা পাড়ার সুরুন মোল্লার ছেলে মফি মোল্লার বিরুদ্ধে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে গতকাল শুক্রবার সকাল ১১ টার দিকে কেদারগঞ্জ আটকবর সড়কের বল্লভপুর পলি মাঠে প্রধান সড়কের পাশে সরকারি রাস্তার জমিতে অবৈধভাবে লাগানো ঘাস বল্লভপুর গ্রামের শুকু মন্ডলের স্ত্রী টুম্পা মন্ডল ছাগল চরানোর সময় তার ছাগলে ঘাস খেয়েছে এমন অভিযোগ করে টুম্পা মন্ডলকে অকথ্য ভাষায় গালিগালাজ এবং চুল চেপে ধরে মাটিতে ফেলে কিল ঘুষি মারে এবং ধারালো হাসোয়ার (হেঁসো) উল্টা পিঠ দিয়ে আঘাত করে আহত করে।

আহত টুম্পা মন্ডল স্থানীয় কয়েকজনের কাছে সহযোগিতা চেয়ে না পেয়ে

লজ্জায় ক্ষোভে আজ শনিবার সকাল ৯ টার সময় বল্লভপুর মিরে গাড়ির মাঠে সাত্তার এর পুকুর পাড়ের ভুট্টা ক্ষেতে ঘাসমারা বিষ খেয়ে আত্মহত্যা করতে গেলে স্থানীয় কৃষক বাগোয়ান গ্রামের ইন্দু দেখেতে পেয়ে তাকে উদ্ধার করে।

এ বিষয়ে শনিবার থানায় একটি অভিযোগ দায়ের করেছে ভুক্তভোগী।

এ বিষয়ে মুজিবনগর থানা অফিসার ইনচার্য (ওসি) উজ্বল দত্ত জানান,মারধরের বিষয়ে একটি লিখিত অভিযোগ পাওয়া গেছে। তদন্ত করে ব্যবস্থা গ্রহন করা হবে।

মেহেরপুরে ফেনসিডিল ও গাঁজাসহ মাদক কারবারী গ্রেফতার

৯৩ বোতল ভারতীয় ফেনসিডিল ও প্রায় ৩ কেজি গাঁজাসহ এলাকার শীর্ষ মাদক ব্যবসায়ী জামাল উদ্দিন(৪৭) কে গ্রেফতার করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটলিয়ন (র্যাব-১২) সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্প। গ্রেফতারকৃত জামাল উদ্দিন গাংনী উপজেলার মাইলমারী গ্রামের মাহাতাব আলীর ছেলে।

র্যাব-১২ সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সহকারী পুলিশ সুপার মনিরুজ্জামানের নেতৃত্বে একটি টিম শনিবার (২৪ ফেব্রুয়ারি) ভোররাতের দিকে হিজলবাড়িয়া গ্রামের একটি ইটভাটার সামনে অভিযান চালিয়ে তাকে ফেনসিডিল ও গাঁজাসহ গ্রেফতার করেন।

শনিবার বেলা ১২ টার সময় র্যাব-১২, সিপিসি মেহেরপুর ক্যাম্পে সাংবাদিকদের সাথে প্রেসব্রীফ করে এই তথ্য জানান কমান্ডার মনিরুজ্জামান।

এসময় পিও মাহাতাব উদ্দিন, সার্জেন্ট মোহাম্মদ উল্লাহ, সিনিয়র ওয়ারেন্ট অফিসার হুমায়ূন কবীর, নায়েক শামীম আহমেদ উপস্থিত ছিলেন। র্যাব-১২ সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সহকারী পুলিশ সুপার মনিরুজ্জামান বলেন, মাদকের একটি চালান পাচার হচ্ছে এমন

সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়।

অভিযানে জামাল উদ্দিন গ্রেফতার হলেও অন্য দুইজন আসামি মাইলমারী গ্রামের বিলপাড়া এলাকার আব্দুস সালাম মন্ডলের ছেলে মহিবুল ইসলাম
(৩৬) ও হিজলবাড়িয়া উত্তরপাড়া এলাকার ফরিদ উদ্দিনের ছেলে জাহাঙ্গীর আলম পালিয়ে যায়।

এঘটনায় র্যাবের পক্ষ থেকে গাংনী থানায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ১৯(ক)/১৪(গ)৪১ ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলার নং ২৮, তারিখ ২৪/০২/২৪ ইং।

গ্রেফতারকৃত জামালের বিরুদ্ধে এর আগেও মাদক আইনে দুটি মামলা আদালতে বিচারাধীন রয়েছে। এছাড়া পলাতক আসামি মহিবুল ইসলাম ও জাহাঙ্গীর আলমের বিরুদ্ধেও একাধিক মামলা রয়েছে বলে জানা গেছে।

গোরস্থানের মিটিং শেষ করে এসে দেখলেন মোটরসাইকেলটি নেই

গোরস্তানের মিটিং শেষ করার আগেই মোটরসাইকেল নিয়ে চম্পট দিলো চোর। মোটরসাইকেল মালিক গাংনী শহরের মাঠপাড়ার রেজাউল হকের ছেলে রায়হান আলী বলেন, ওলিপাড়া কবরস্থানের ম্যানেজিং কমিটির সভায় যোগ দেওয়ার জন্য ১৫০ সিসির পালসার মোটরসাইকেলটি রাস্তার পাশে রেখে ঘাড় লক করে গেছিলাম।

সভা শেষ করে ফিরে এসে আর গাড়িটি খুঁজে পাইনি। সিসি ক্যামেরাতে তেখা গেছে মুখে মাস্ক পরিহিত এক ব্যক্তি মোটরসাইকেলের রেজিস্ট্রেশন নং (মেহেরপুর-ল ১২-৩৩২৬) তালা ও ঘাড়ের লক ভেঙ্গে নিয়ে পালিয়ে গেছে।

এ ঘটনায় রায়হান আলী বাদি হয়ে অজ্ঞাতনামা চোরের বিরুদ্ধে একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন। মোটরসাইকেল উদ্ধারের চেষ্টা চলছে বলে জানান তিনি।

মেহেরপুরে চিহ্নিত মাদকসেবী ডালিম শেখ ফেনসিডিলসহ আটক

৪ বোতল ভারতীয় ফেনসিডিলসহ মেহেরপুর শহরের চিহ্নিত মাদক সেবি ডালিম শেখকে (৪০) আটক করেছে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম। ডালিম শেখ মেহেরপুর শহরের পিয়াদাপাড়ার মাহাবুল শেখের ছেলে।

আজ শুক্রবার দুপুরের দিকে সদর উপজেলার মেহেরপুর-বুড়িপোতা সড়কের কানাপুকুর এলাকা থেকে ডালিম শেখকে ৪ বোতল ফেনসিডিলসহ আটক করেন।

গোপন সূত্রে খবর পেয়ে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাশেমের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে একটি টিম অভিযানে অংশ নেন।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) সারণীর ১৪ ক ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে বিদ্যুৎস্পর্শে কৃষক নিহত

জমিতে মটারে সেচ দেয়ার সময় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে আলমগীর হোসেন
(৬৫) নামের এক কৃষক মারা গেছেন।

নিহত আলমগীর হোসেন মেহেরপুর সদর উপজেলার আলমপুর গ্রামের উত্তর পাড়ার সালামত উল্লাহ’র ছেলে।
আজ শুক্রবার (২৩ ফেব্রুয়ারি) বিকালের দিকে স্থানীয় আলমপুর মাঠে এই ঘটনা ঘটে।

এদিকে লাশ দাফনের সময় পুলিশী বাঁধা সৃষ্টি হলে স্থানীয় ইউপি চেয়ারম্যানের মধ্যস্থতা পরে সুরাহা হয়।

স্থানীয়রা জানান, কৃষক আলমগীর হোসেন তার নিজ জমিতে মটারে সেচ দিতে যান। এসময় অসাবধানতাবসত বিদ্যুতের তারে জড়িয়ে সে মারাত্মক আহত হন। স্থানীয়রা মুমূর্ষু অবস্থায় উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেয়ার পথে মারা যান তিনি। সন্ধ্যার সময় পারিবারিকভাবে লাশের জানাজার প্রস্তুতি চলছিল।

এসময় সদর থানা পুলিশের একটি টিম ঘটনাস্থলে গিয়ে লাশের দাফনে বাঁধা দেন। এবং লাশের ময়না তদন্তের জন্য মেহেরপুর মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল মর্গে নেওয়ার চেষ্টা করেন।

পরে শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান মতিউর রহমানের হস্তক্ষেপে রাত সাড়ে ৯ টার দিকে দাফন করা হয়।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া জানান, এই মৃত্যু নিয়ে ধুম্রজাল সৃষ্টি হওয়ায় পুলিশ লাশের ময়না তদন্তের পর দাফনের কথা বলা হয়েছে। পরে স্থানীয় ইউপি চেয়ারম্যান মতিউর রহমান মতিন ও গণ্যমান্য ব্যক্তিদের মধ্যস্থতায় লাশের দাফনের অনুমতি দেওয়া হয়েছে।

গাংনীতে কুলের আটি শ্বাসনালীতে আটকে স্কুল ছাত্র নিহত

বরইয়ের (কুল) আটি শ্বাসনালীতে বেঁধে মো: মুরছালিন ইসলাম ওরফে জয়
(১১) নামের এক শিশু ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে মারা গেছে।

নিহত মুরছালিন ইসলাম ওরফে জয় গাংনী উপজেলার সহড়াবাড়িয়া গ্রামের মন্ডলপাড়ার জহির উদ্দিনের ছেলে ও গ্রামের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেনীর ছাত্র।

মুরছালিনের শিক্ষক সহড়াবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তারিকুজ্জামান তারিক বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন,

মো: মুরছালিন ইসলাম বিদ্যালয়ের ৪র্থ শ্রেণির মেধাবী শিক্ষার্থী ছিল।

তিনি জানান, আজ শুক্রবার (২৩ ফেব্রয়ারি) দিবাগত রাত ১ টার দিকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে (ঢামেক) চিকিৎসাধীন অবস্থায় মারা যায় শিশুটি।

মুরছালিনের মা রওশনারা খাতুন জানান, গত বুধবার (২০ ফেব্রুয়ারি) সকালের দিকে বাড়ির গাছের কুল খেয়েছিলো। এসময় অসাবধানতাবসত কুলের একটি আটি খেয়ে ফেলে। পরে তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে চিকিৎসক কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করেন। সেখান থেকে চিকিৎসকরা ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। একদিন চিকিৎসাধীন থাকার পর মারা যায় মুরছালিন।

মা রওশনারা খাতুন আরও জানান, আটিটি তার শ্বাসনালীতে আটকিয়ে মারা গেছে বলে চিকিৎসক জানিয়েছে। আজ শুক্রবার (২৩ ফেব্রুয়ারি) গ্রামের বাড়ি সহড়াবাড়িয়াতে শিশটির দাফন সম্পন্ন হয়েছে।